

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৯৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৯৯]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ২১: গ্রহণকালীন সালাতে তাশাহুদ পড়া ও সালাম ফিরানো

باب التَّشَهُّدِ وَالتَّسْلِيمِ فِي صَلَاةِ الْكُسُوفِ

আরবী

أَخْبَرَنِي إِبرَاهِيمُ بْنُ يَعْقُوبَ، قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ دَاوُدَ، قَالَ: حَدَّثَنَا نَافِعُ بْنُ عُمَرَ، عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ سَمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ، قَالَتْ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكُسُوفِ، فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ، ثُمَّ رَفَعَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ، ثُمَّ رَفَعَ ثُمَّ سَجَدَ فَأَطَالَ السُّجُودَ، ثُمَّ قَامَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ، ثُمَّ رَفَعَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ، ثُمَّ رَفَعَ ثُمَّ سَجَدَ فَأَطَالَ السُّجُودَ، ثُمَّ رَفَعَ ثُمَّ رَفَعَ ثُمَّ أَنْصَرَفَ .

تخريج دارالدعوة: صحيح البخارى/الأذان ٩٠ (٧٢٥) مطولاً، سنن ابن ماجه/الإقامة ١٥٢ (١٢٦٥) مطولاً، (تحفة الأشراف: ١٥٧١٧)، مسند احمد ٦/٣٥٠، ٣٥١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1499 - صحيح

বাংলা

১৪৯৮. ইব্রাহীম ইবনু ইয়াকুব (রহ.) আসমা বিনতু আবু বকর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) একবার গ্রহণকালে সালাত আদায় করলেন। তিনি সালাতে লম্বা কিয়াম করলেন। তারপর রুকু করলেন আর তা দীর্ঘ করলেন। তারপর মাথা উঠিয়ে দীর্ঘক্ষণ কিয়াম করলেন। তারপর রুকু করলেন আর তা দীর্ঘ করলেন। তারপর মাথা উঠালেন এবং সাজদাহ করলেন আর তা দীর্ঘ করলেন। তারপর মাথা উঠালেন ও সাজদাহ করলেন এবং তা দীর্ঘ করলেন। এরপর দাঁড়ালেন এবং দীর্ঘক্ষণ কিয়াম করলেন। এরপর রুকু করলেন এবং তা দীর্ঘ করলেন। এরপর মাথা উঠালেন ও সাজদাহ করলেন। আর তা লম্বা করলেন। অতঃপর মাথা উঠালেন ও সাজদাহ করলেন এবং তা দীর্ঘ করলেন। অতঃপর মাথা উঠালেন ও সালাম ফিরিয়ে সালাত সমাপ্ত

করলেন।

English

The tashahhud and taslim for the eclipse prayer

It was narrated that Asma' bint Abi Bakr said: The Messenger of Allah (ﷺ) prayed during an eclipse. He stood for a long time, then he bowed for a long time, then he stood up and (remained standing) for a long time, then he bowed for a long time, then he stood up, then he prostrated for a long time, then he stood up and (remained standing) for a long time, then he bowed for a long time, then he stood up, then he prostrated for a long time, then he sat up, then he prostrated for a long time, then he sat up and then he finished.

ফুটনোট

সহীহঃ বুখারী ৭৪৫, ইবনু মাজাহ ১২৬৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আসমা বিনতু আবু বাকর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89994>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন